গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-৩ অধিশাখা
www.mof.gov.bd

স্মারক নং-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০০৭.১৫(অংশ-২)-৭৪

তাং ২৭/০২/১৪৩১ ব.
১০/০৬/২০২৪ খ্রি.

বিষয়ঃ দৈনিক ভাতা, ভ্রমণ ভাতা ও বদলিজনিত ভ্রমণ ভাতা বিল দাখিলকরণ।

সূত্র-১: অর্থ বিভাগের প্রজ্ঞাপন-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০০৭.১৫(অংশ-২)-৭৮; তারিখ-১৪/০৭/২০২২ খ্রি.।
সূত্র-২: অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০০৭.১৫(অংশ-২)-২৫; তরিখ- ০১/০৩/২০২৩ খ্রি.।
সূত্র-৩: অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০০৭.১৫(অংশ-২)-৬২; তরিখ-১২/০৬/২০২৩ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রস্থ স্মারকসমূহের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগের ১৪/০৭/২০২২ খ্রি. তারিখের ৭৮ নং প্রজ্ঞাপনমূলে (সূত্র-১) দৈনিক ভাতা, ভ্রমণ ভাতা এবং বদলিজনিত ভ্রমণ ভাতা পুনঃনির্ধারিত আকারে ০১/১০/২০২২ খ্রি. তারিখ হতে কার্যকর রয়েছে। উক্ত প্রজ্ঞাপনের আলোকে ০১/০৩/২০২৩ খ্রি. তারিখে জারিকৃত ২৫ নং স্মারকের (সূত্র-২) বরাতে iBAS++ এর অনলাইন প্ল্যাটফর্মে দৈনিক ভাতা, ভ্রমণভাতা এবং বদলিজনিত ভ্রমণভাতা বিল দাখিল ০১/০৩/২০২৩ খ্রি. তারিখ হতে সকল সরকারি অফিসে কার্যকর রয়েছে। ইতোমধ্যে iBAS++ এর মাধ্যমে উপর্যুক্ত ভাতাসমূহের বিল দাখিলের Online System পূর্ণাঙ্গরূপে কার্যকর করা হয়েছে এবং একই উপজেলার অভ্যন্তরে ভ্রমণের বিষয়টি iBAS++ সিস্টেমের টিএ/ডিএ অপশনে সংযুক্ত করা হয়েছে। এ প্রেক্ষিতে iBAS++ এর মাধ্যমে দৈনিক ভাতা, ভ্রমণভাতা এবং বদলিজনিত ভ্রমণভাতা বিল দাখিল সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত নিম্নরূপ নির্দেশনাবলী আবশ্যিকভাবে প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ-

(১) বেসামরিক সরকারি কর্মচারিদের সকল দৈনিক ভাতা, ভ্রমণভাতা এবং বদলীজনিত ভ্রমণভাতা বিল আবশ্যিকভাবে iBAS++ এর Execution Module এর মাধ্যমে দাখিল করতে হবে। অর্থ বিভাগের পূর্বানুমোদন ছাড়া (কেস টু কেস ভিত্তিতে) কোন বিল ম্যানুয়ালি বা অফলাইনে গ্রহণ ও অনুমোদন করা যাবে না।

(২) অর্থ বিভাগ হতে জারিকৃত ১২/০৬/২০২৩ তারিখের ৬২ নং স্মারকে (সূত্র-৩) নির্দেশিত দৈনিক ভাতা, ভ্রমণভাতা এবং বদলিজনিত ভ্রমণভাতা বিল ম্যানুয়াল পদ্ধতিতে দাখিল সংক্রান্ত (৩) ও (৫) নং সিদ্ধান্তসমূহ বেসামরিক সরকারি অফিসের জন্য প্রত্যাহার করা হলো।

10/06/24

(সৈয়দ আলী বিন হাসান)
উপসচিব
ফোনঃ ৫৫১০০১৮৩

নং-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০০৭.১৫(অংশ-২)- ৭৪ (২০০)

তাং ২৭/০২/১৪৩১ ব.
১০/০৬/২০২৪ খ্রি.

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরিত হলঃ-**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।

**চলমান পাতা-২**

৪। সিনিয়র সচিব/সচিব ---------------------------(সকল মন্ত্রণালয়/বিভাগ) (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।

৫। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।

৬। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুনবাগিচা, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল)।

৭। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল)।

৮। জাতীয় কর্মসূচী পরিচালক, এসপিএফএমএস কর্মসূচী, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯। বিভাগীয় কমিশনার (সকল)---------------------------------।

১০। অর্থ বিভাগের সকল অনুবিভাগ------------------------------।

১১। জেলা প্রশাসক (সকল)---------------------------------------। (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।

১২। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ, অর্থ বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

১৫। অফিস কপি।

২০/০৫/২৪

(সৈয়দ আলী বিন হাসান)
উপসচিব
ফোনঃ ৫৫১০০১৮৩